দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৯ ... ৩

NOV 28 2002

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অবসর সুবিধা বিল পাসে সরকারের প্রতি বাকবিশিসের অভিনন্দন

সংসদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বিল পাস হওয়ায় বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) সরকারের প্রতি অভিনন্দন জানিয়েছে।

মঙ্গলবার বাকবিশিস কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যক্ষ মো. শাহজাহান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. আবদুর রশীদ এক বিবৃতিতে বলেন, জাতীয় সংসদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বিল পাস হওয়ায় আমরা সরকারকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এ বিল পাসের মধ্য দিয়ে বেসরকারি শিক্ষক ও কর্মচারীদের দীর্ঘদিনের একটি দাবি পূরণ হলো। আমরা অনতিবিলম্বে এর কার্যক্রম শুরু করার দাবি জানাচ্ছি।

তাছাড়া বুধবার জাতীয় সংসদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট (সংশোধন) বিলটিও পাস হয়েছে। আমরা বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছি, এ বিলটি সংশোধনের নামে শিক্ষক-কর্মচারীদের তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করা হয়েছে। আমরা বিলটি পুনরায় সংশোধন করে আগের মতো প্রবিধান অনুযায়ী শিক্ষক ও কর্মচারীদের পাওনা পরিশোধের জোর দাবি জানাচ্ছি।